



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

ঋণ ও অগ্রিম বিভাগ-১

সার্কুলার লেটার - ০৩/২০০৮

তারিখ : ০১-০৯-২০০৮

মহাব্যবস্থাপক রাজশাহী/রংপুর
সকল জোনাল ব্যবস্থাপক
উপ-মহাব্যবস্থাপক
ঢাকা শাখা/এল.পি.ও
সকল শাখা ব্যবস্থাপক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

বিষয় : চলতি পুঁজি/ক্যাশ ক্রেডিট ঋণ পূর্বের লিমিটের ২৫% এর অধিক
মঞ্জুরির বিধি-নিষেধ শিথিলকরণ।

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ে অত্র বিভাগের পরিপত্র নং- ০৩/২০০৬ তারিখ ২৯-০৫-২০০৬ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। উক্ত পরিপত্রের মাধ্যমে ব্যাংকের আর্থিক অবস্থা সুদৃঢ়করণ এবং তারল্য সংকট দূরীকরণের লক্ষ্যে শ্রেণীকৃত ঋণ আদায় বৃদ্ধি, আমানত সংগ্রহ জোরদারকরণ ও ঋণ পরিশোধের পর ঢালাওভাবে বাড়তি ঋণ প্রদানের প্রবণতা রোধে চলতি পুঁজি/ক্যাশ ক্রেডিট ঋণের ক্ষেত্রে পূর্বের লিমিটের সর্বোচ্চ ২৫% এর অতিরিক্ত ঋণ মঞ্জুর না করার জন্য বিধি-নিষেধ আরোপ করা হয়।

০৪। উক্ত সার্কুলার জারীর পর ইতোমধ্যে ২ বছর অতিক্রান্ত হয়েছে। এই সময়ে খাদ্য দ্রব্যসহ নিত্য প্রয়োজনীয় দ্রব্য ও ব্যবসায়িক পণ্যের মূল্য দ্বিগুণ পর্যন্ত বৃদ্ধি পেয়েছে। ফলে পূর্বের অর্থ দিয়ে সিসি ঋণ গ্রহীতাগণ ব্যবসা পরিচালনা করতে অসমর্থ হচ্ছেন এবং মূলধন স্বল্পতার কারণে ব্যবসায় অন্তরায় সৃষ্টি হচ্ছে। সার্কুলারের বিধি-নিষেধের কারণে ব্যাংকের পক্ষেও বাস্তবতার নিরীখে চলতি মূলধন/ ক্যাশ ক্রেডিট চাহিদার প্রকৃত পরিমাণ বিবেচনায় নিয়ে ঋণ মঞ্জুর করা সম্ভব হচ্ছে না।

০৫। চলতি পুঁজি / ক্যাশ ক্রেডিট ঋণ প্রদানে প্রকৃত চাহিদার নিরীখে ব্যবস্থাপনা সমন্বয় কমিটির ২৯-০৭-২০০৮ তারিখে অনুষ্ঠিত ১৭৭তম সভার সুপারিশের প্রেক্ষিতে যে সমস্ত চলতি পুঁজি / ক্যাশ ক্রেডিট ঋণে পূর্বের লিমিটের লেনদেন/ টার্নওভার সন্তোষজনক এবং উদ্যোক্তা অতিরিক্ত উপযুক্ত পরিমাণ জামানত প্রদানে সমর্থ সে সকল ক্ষেত্রে অন্যান্য শর্তাদি পূরণ সাপেক্ষে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর পরিপত্র নং- ৩/২০০৬ তারিখ ২৯-০৫-২০০৬ এ বর্ণিত বিধি-নিষেধ (সর্বোচ্চ ২৫% বৃদ্ধি) শিথিল করে কেস্ টু কেস্ ভিত্তিতে বর্ধিত চলতি পুঁজি / ক্যাশ ক্রেডিট ঋণ বিবেচনা করা যাবে।

০৬। ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর উক্ত পরিপত্রের অন্যান্য বিষয়াবলী অপরিবর্তিত থাকবে।

০৭। এ বিষয়ে কোন সংশয়/স্পষ্টিকরণের প্রয়োজন হলে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অত্র বিভাগে যোগাযোগ করার অনুরোধ করা হলো।

(মোঃ হাবিবুর রহমান)

উপ-মহাব্যবস্থাপক

(মোঃ আবু হানিফ খান)

মহাব্যবস্থাপক

সূত্র নং- প্রকা/ঋণ-১/২৯/২০০৮-২০০৯/১০৫(৪৫০)

তারিখ : ৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল :

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/ সচিব / বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রংপুর।
- ০৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ০৭। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ০৮। অফিস নথি / মহানথি

(মোঃ শামছুল আলম)

সহকারী মহাব্যবস্থাপক

